গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৬.০২০.০১৯(অংশ-৫).২০১৭-

তারিখঃ ১২ মাঘ ১৪২৪ / ২৫ জানুয়ারি ২০১৮

প্রেরক : মো: মতিয়ার রহমান
উপসচিব (বাজেট)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কার্যক্রমের আওতায় দেশের ৪টি জেলায় **ন্যাপ কমিউনিস্ট পার্টি, ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনীর** ১১১(একশত এগার) জন মুক্তিযোদ্ধার বিভিন্ন সময়ের বকেয়া বাবদ ২,৪০,৪০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা ছাড়করণের আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।

আদিষ্ট হয়ে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' প্রদান কার্যক্রম এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে কল্যাণ ও অনুদান খাতে (৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫) বরাদ্দ অর্থ হতে দেশের ০৪টি জেলার ১১১(একশত এগার) জন ন্যাপ কমিউনিস্ট পার্টি, ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনীর মুক্তিযোদ্ধার বিভিন্ন সময়ের বকেয়া বাবদ ২,৪০,৪০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার নিম্নোক্ত শর্ত ও বিভাজন অনুসারে ছাড়ের সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি:

ক্রমিক	জেলার নাম	বকেয়া ভাতার বিবরণ	টাকা	মন্তব্য (সংশ্লিষ্ট জেলার স্মারক নং ও তারিখ)
১	চাঁদপুর	০১ জনের আগস্ট ২০১৩ হতে জুন ২০১৭ (উৎসব ভাতাসহ)	৩,৫৩,০০০/-	৬৯৬, তাং-৬/৮/১৭
		০২ জনের ডিসেম্বর ২০১৪ হতে জুন ২০১৭(উৎসব ভাতাসহ)	৫,৭৭,০০০/-	
		১৫ জনের ডিসেম্বর ২০১৪ হতে জুন ২০১৭	৪৩,২৭,৫০০/-	৪৫৪, তাং-১০/৭/১৭
২	পাবনা	৪৯ জনের জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ (১,০৯,৯২,০০০-১৬,৫৬,০০০)	৯৩,৩৬,০০০/-	৩৯১, তাং-১৮/৫/১৭
৩	কিশোরগঞ্জ	০২ জনের অক্টোবর ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭(উৎসব ভাতাসহ	৫,৬৪,০০০/-	৮২৪, তাং-২২/৮/১৭
৪	ফেনী	৪২ জনের অক্টোবর ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত	৮৮,৮৩,০০০/-	৩৭৯, তাং-২৮/৬/১৭
		মোট=১১১ জন	২,৪০,৪০,০০০/-	

২। ছাড়কৃত ২,৪০,৪০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;

০৩। বরাদ্দকৃত ২,৪০,৪০,০০০/-(দুই কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা সারণীতে বর্ণিত সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা অনুসারে (সর্বমোট ১১১ জন) মুক্তিযোদ্ধার মাঝে সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বিতরণের জন্য অনুরোধ জানানো হল;

০৪। সংশ্লিষ্ট জেলার পার্শ্বে প্রদর্শিত ও বরাদ্দকৃত অর্থ বিতরণের/উত্তোলনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৩ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ কার্যালয় থেকে উত্তোলনপূর্বক সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব' খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

৫। এ মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৪২ নং স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে জেলা প্রশাসক ফেরত প্রদানকৃত মুক্তিযোদ্ধা কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক বিধি-মোতাবেক ভাতা প্রদান করবেন;

০৬। যাচাই-বাছাইকালে বিদ্যমান নীতিমালা ও এতদবিষয়ে জারীকৃত পরিপত্রের আলোকে কোন মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির যোগ্য বিবেচিত না হলে বরাদ্দকৃত অর্থ বিতরণ না করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১-৬৩০১-০০০১-২৬৭১ কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

০৭। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;

০৮। এ মন্ত্রণালয়ের মুক্তযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নীতিমাল ২০১৯ ও ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র এবং ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইয়ান্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করার অনুরোধের পরও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানাদি যথাযথভাবে যাচাই/প্রমাণ ব্যতিরেকেই ভাতা প্রদান করা হচ্ছে । ভাতা বিতরণের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কমিটি/ভাতা বিতরণকারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

০৯। আগামি ২৯-৩-২০১৮ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১০। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যহৃত থাকলে সরকারি কোষাগারে জমা করতঃ (কোড নম্বর-১-৬৩০১-০০০১-২৬৭১) আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১১। সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বিতরণ ব্যতীত অন্যকোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;

১২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোনভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;

১৩। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যার্পন করতে বাধ্য থাকবেন;

১৪। প্রত্যেক সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার ভাতা তাঁর ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে অথবা একাউন্টপেয়ি চেকের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা ও ব্যাংক ম্যানেজার দায়ী হবেন। বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক নিশ্চিত করবেন;

১৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে (১-৬৩০১-০০০১-২৬৭১ সংখ্যক কোডে) সরকারি কোষাগারে জমাকরতঃ এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; এবং

১৬। এ বিষয়ে অর্থ বিভগ, অর্থ মন্ত্রণালয়ের ২০-১১-২০১৭ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৪.২০০২(অংশ-১) এর উদ্বৃতাংশমূলে সম্মতি রয়েছে।

(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব(বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৬.০২০.০১৯(অংশ-৫).২০১৭- ৫১

তারিখঃ ১২ মাঘ ১৪২৪ / ২৫ জানুয়ারি ২০১৮

বিতরণ(কার্যার্থে):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার........ ....
৬। জেলা প্রশাসক..
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা..

অনুলিপি(জ্ঞাতার্থে):

১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মঞ্জুরী পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৮। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

(মোঃ মতিয়ার রহমান)
উপসচিব(বাজেট)
টেলিফোনঃ ৯৫৫০১৩৩